

উপজেলা পর্যায়ে প্রতিটি বিষয়ে প্রতিটি বিভাগে ১ম স্থান অধিকারির রচনা ও চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ ১৭ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌঁছাতে হবে।

একইভাবে ২৪ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা পর্যায়ে প্রতিযোগিতা শেষ করে প্রতিটি বিষয় ও প্রতিটি বিভাগের ১ম স্থান অধিকারির রচনা ও চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং অতিরিক্ত জেলা প্রশাসক অথবা তাঁর মনোনীত কোন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরসহ বিভাগীয় জেলার জেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌঁছানো নিশ্চিত করতে হবে।

বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা শেষে ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে রচনা ও চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারীর স্বাক্ষর এবং বিভাগীয় জেলার অতিরিক্ত জেলা প্রশাসক অথবা তার মনোনীত কোন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরসহ মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০ বরাবর পৌঁছাতে হবে।

অবশ্যই পালনীয় বিষয়াবলী :

- ৥ নির্দিষ্ট সময়সীমার পরে প্রাপ্ত কোন লিখিত রচনা ও আঁকা ছবিসমূহ বিবেচনা করা হবে না।
 - ৥ উপজেলা পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা আয়োজন বিষয়ক কমিটি এবং জেলা ও বিভাগীয় পর্যায়ে বাংলাদেশ শিশু একাডেমির জেলা শাখা পরিচালনা কমিটি প্রতিযোগিতার আয়োজন করবে।
 - ৥ লিখিত রচনা ও আঁকা ছবিসমূহ নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি উপজেলা নির্বাহী কর্মকর্তা/উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌঁছাতে হবে। তবে মহানগরের ক্ষেত্রে থানা শিক্ষা অফিসারের নিকট পৌঁছাতে হবে।
 - ৥ ক' বিভাগের প্রতিযোগিতায় রচনা ৩০০ শব্দের মধ্যে, 'খ' বিভাগের প্রতিযোগিতায় রচনা ৫০০ শব্দের মধ্যে ও 'গ' বিভাগের প্রতিযোগিতায় রচনা ৮০০ শব্দের মধ্যে হতে হবে।
 - ৥ চিত্রাংকনের সকল বিভাগের কার্টিজ পেপার এর দৈর্ঘ্য ১৬" (ষোল ইঞ্চি/৪০ সে:মি:) এবং প্রস্থ ১১" (এগার ইঞ্চি/২৮ সে:মি:) হবে।
- চিত্রাংকনের মাধ্যম :- জল রং/প্যাস্টেল কালার
- ৥ সকল জেলা, উপজেলা এবং বিভাগীয় পর্যায়ে বিজয়ী শিশুদের পুরস্কার ও সনদপত্র প্রদান করতে হবে।

৬০৬